

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬৭৯

२१/ शिष्ठां (کتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৬. ইয়াতীমের অধিকার

بَاب حَقِّ الْيَتِيمِ

আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ مُحَمَّد، حَدَّتَنَا يَحْيَى بْنُ آدَمَ، حَدَّتَنَا ابْنُ الْمُبَارَك، عَنْ سَعِيدِ بْنِ أَبِي النَّبِيِّ - أَيُّوبَ، عَنْ يَحْيَى بْنِ أَبِي سُلَيْمَانَ، عَنْ زَيْدِ بْنِ أَبِي عَتَّابٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ - النَّبِيِّ - صلى الله عليه وسلم - قَالَ " خَيْرُ بَيْتٍ فِي الْمُسْلِمِينَ بَيْتٌ فِيهِ يَتِيمٌ يُحْسَنُ إِلَيْهِ وَشَرُّ بَيْتٍ فِي الْمُسْلِمِينَ بَيْتٌ فِيهِ يَتِيمٌ يُحْسَنُ إِلَيْهِ وَشَرُّ بَيْتٍ فِي الْمُسْلِمِينَ بَيْتٌ فِيهِ يَتِيمٌ يُحْسَنُ إِلَيْهِ وَشَرَّ بَيْتٍ فِي الْمُسْلِمِينَ بَيْتٌ فِيهِ يَتِيمٌ يُسَاءُ إِلَيْهِ " .

বাংলা

২/৩৬৭৯। আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ মুসলিমদের ঘরসমূহের মধ্যে যে ঘরে ইয়াতীম থাকে এবং তার সাথে সদয় ব্যবহার করা হয়, সেই ঘরই সর্বোত্তম। পক্ষান্তরে মুসলিমদের ঘরসমূহের মধ্যে যে ঘরে ইয়াতীম থাকে এবং তার সাথে নির্দয় ব্যবহার করা হয়, সেই ঘরই সর্বাধিক নিকৃষ্ট।

English

It was narrated from Abu Hurairah that the Messenger of Allah() said: "The best house among the Muslims is a house in which there is an orphan who is treated well. And the worst house among the Muslims is a house in which there is an orphan who is treated badly."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। যইফাহ ১৬৩৭, আত-তালীকুর রাগীব ৩/২৩০, আর-রাদু আলাল বালীক ২৩৪, যইফ আল-জামি' ২৯০৫। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ইয়াহইয়া বিন সুলায়মান সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি একজন অপরিচিত ব্যাক্তি, আমি তাকে চিনি না। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। ইমাম যাহাবী



বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহ্যীবুল কামালঃ রাবী নং ৬৮৪৩, ৩১/৩৭২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন